

**পাবলিক বিশ্ববিদ্যালয়ে
 ভর্তি পরীক্ষার তারিখ
 ঘোষণা করা হচ্ছে**

নিজস্ব প্রতিবেদক ▶
 দেশের ৩৪ পাবলিক বিশ্ববিদ্যালয়ের
 মাঝে ভর্তি পরীক্ষা স্থগিত ছিল ২৪টির।
 এখনই নেতৃত্বাধীন ১৮ দলীয় জোটের
 অবরোধ কর্মসূচি স্থগিত করায় এখন
 একে একে ঘোষণা করা হচ্ছে ভর্তি
 পরীক্ষার তারিখ। ইতিমধ্যেই বেশ
 কয়েকটি বিশ্ববিদ্যালয় নতুন তারিখ
 ঘোষণা করেছে।
 ডব্লিউএমইউ বিশ্ববিদ্যালয়ের
 ওয়েবসাইট থেকে
 পরীক্ষার বিজ্ঞপ্তি সূচি জানতে পারবেন
 বলে জানিয়েছে বিভিন্ন বিশ্ববিদ্যালয়
 কর্তৃপক্ষ। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সংবাদ
 বিজ্ঞপ্তি থেকে জানা যায়, রাজশাহী
 বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের
 প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা
 অনুষ্ঠিত হবে ২৩ থেকে ২৭ জানুয়ারি।
 নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি
 বিশ্ববিদ্যালয়ে ২৪ ও ২৫ জানুয়ারি,
 পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি
 বিশ্ববিদ্যালয়ে ১৭ জানুয়ারি, শেরবালা
 কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৪ জানুয়ারি, বেগম
 রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ৩০ ও ৩১
 জানুয়ারি এবং ১ ফেব্রুয়ারি। খুলনা
 বিশ্ববিদ্যালয়ে ২৭ ও ২৮ ফেব্রুয়ারি এবং
 ১ মার্চ প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা
 অনুষ্ঠিত হবে। এ ছাড়াও মাদানী
 ডাননী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের
 পূর্বের ভর্তি পরীক্ষার তারিখ সংশোধন
 করে ২৮ ও ২৯ জানুয়ারি নির্ধারণ
 করেছে। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০১৩-
 ১৪ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণীর
 ভর্তি পরীক্ষা আগের ১৭ ও ১৮ জানুয়ারি
 নির্ধারণ করা হয়েছে।